# নিলাম

## আইন এর বিধানাবলী

## THE PROVISIONS OF AUCTION LAWS

(সংশ্লিষ্ট আইন ও উচ্চতর আদালতের সিদ্ধান্তসহ)




আজিজুল হক ভূঁইয়া (মোরশেদ)

রহিম ল' বুক হাউস

## সূচিপত্র


| ক্র. | বিষয় | পৃষ্ঠা |
|---|---|---|
| | অধ্যায়-১<br>নিলাম (**Auction**) | |
| ১ | নিলাম বলিতে কি বুঝায়? | ১৩ |
| | অধ্যায়-২<br>নিলাম সম্পর্কিত দেওয়ানি কার্যবিধির কতিপয় ধারা এবং আদেশসমূহ | |
| ২ | দেওয়ানি কার্যবিধির আদেশ ২১ এবং রুল ৬৫ | |
| ২.১ | বিধি ৬৫। কে নিলাম পরিচালনা করিবেন এবং কিভাবে নিলাম হইবে (R. 65. Sales by whom conducted and how made) | ১৭ |
| ৩ | দেওয়ানি কার্যবিধির আদেশ ২১ এবং রুল ৭৪ | |
| ৩.১ | *অস্থাবর সম্পত্তি নিলাম বিক্রয় (**Sale of Movable Property**)*<br>বিধি ৭৪। কৃষিজাত দ্রব্যের নিলাম বিক্রয় (**sale of agricultural produce**) | ১৭ |
| ৪ | দেওয়ানি কার্যবিধির ৬৫ নং ধারা | |
| ৪.১ | ধারা ৬৫। খরিদ্দারের স্বত্ব (**Purchaser's title**) | ১৯ |
| ৪.২ | **Case Law** | ১৯ |
| ৫ | দেওয়ানি কার্যবিধির ৭৩ নং ধারা | |
| ৫.১ | *সম্পত্তি বিভাজন (**Distribution of Assets**)* | ২০ |
| ৫.২ | ধারা ৭৩। নিলাম বিক্রয়লব্ধ অর্থ ডিক্রীদারগণের মধ্যে আনুপাতিক হারে বণ্টন করিতে হইবে (Proceeds of execution-sale to be rateably distributed among decree hold-ers) | ২০ |
| ৫.৩ | **Case Law** | ২২ |
| ৬ | দেওয়ানি কার্যবিধির আদেশ ২১ এবং রুল ৬৪ | |

| ক্র. | বিষয় | পৃষ্ঠা |
|---|---|---|
| ৬.১ | *সাধারণভাবে বিক্রয় (Sale Generally)* | ২৩ |
| ৬.২ | বিধি ৬৪। ক্রোককৃত সম্পত্তি নিলামে বিক্রয় ও বিক্রয়লব্ধ অর্থ পাওনাদারকে প্রদানের আদেশ দেওয়ার ক্ষমতা (Power to order property attached to be sold and proceeds to be paid to person entitled) | ২৩ |
| ৬.৩ | **Case Law** | ২৪ |
| ৭ | **দেওয়ানি কার্যবিধির আদেশ ২১ এবং রুল ৭৩** | |
| ৭.১ | বিধি ৭৩। নিলাম ডাকা বা খরিদ করিবার ব্যাপারে সরকারী কর্মচারীদের উপর বিধিনিষেধ (Restriction on bidding or purchaser by officers) | ২৫ |
| ৮ | **দেওয়ানি কার্যবিধির ২১ আদেশ এবং রুল ৭৬, ৭৭, ৭৮, ৭৯, ৮০, ৮১, ৮২** | |
| ৮.১ | বিধি ৭৬। হস্তান্তরযোগ্য দলিল ও কর্পোরেশনের অংশ (Negotiable instruments and shares in corporations) | ২৫ |
| ৮.২ | বিধি ৭৭। প্রকাশ্য নিলামে বিক্রয় (Sale by public auction) | ২৫ |
| ৮.৩ | বিধি ৭৮। অনিয়মের দরুন বিক্রয় বাতিল হয় না, কিন্তু ক্ষতিগ্রস্ত যে কোন ব্যক্তি মামলা করিতে পারে (Irregularity not to vitiate sale, but any person injured may sue) | ২৬ |
| ৮.৪ | বিধি ৭৯। অস্থাবর সম্পত্তি, ঋণ এবং শেয়ার অর্পণ (Delivery of movable property, debts and shares) | ২৭ |
| ৮.৫ | বিধি ৮০। হস্তান্তরযোগ্য দলিল ও শেয়ার হস্তান্তর (Transfer of negotiable instruments and shares) | ২৮ |
| ৮.৬ | বিধি ৮১। অন্যান্য সম্পত্তির মালিকানা প্রদান সংক্রান্ত আদেশ (Vesting order in case of other property) | ২৯ |
| ৮.৭ | বিধি ৮২। কোন আদালত নিলাম বিক্রয়ের আদেশ দিতে পারেন (What Courts may order sales) | ২৯ |

| ক্র. | বিষয় | পৃষ্ঠা |
|---|---|---|
| ৯ | দেওয়ানি কার্যবিধির ২১ আদেশ এবং রুল ৯৪ | |
| | বিধি ৯৪। খরিদ্দারকে সার্টিফিকেট দেওয়া (Certificate to purchaser) | ৩০ |
| ৯.১ | Case Law | ৩০ |
| ১০ | অধ্যায়-৩<br>ডিক্রি জারিতে স্থাবর সম্পত্তি নিলাম হইলে কিভাবে তাহা রদ হইবে এবং কে নিলাম রদের আবেদন করিতে পারে: | ৩৪ |
| ১১ | অধ্যায়-৪<br>বেনামীতে আদালতের নিলাম খরিদের ফলাফল:<br>**(Consequences of benami purchase in auction in a court sale)** | ৩৬ |
| ১২ | অধ্যায়-৫<br>ডিক্রি ক্রোক বলিতে কি বুঝায় এবং কিভাবে ডিক্রি ক্রোক করা যায়:<br>**(What is ment by attachment of a decree and how can a decree be attached)** | ৩৮ |
| ১৩ | অধ্যায়-৬<br>নিলাম বিক্রয়লব্ধ অর্থ ডিক্রিদারগণের মধ্যে আনুপাতিকহারে বন্টনের নিয়মাবলী:<br>**(Rules relating to rateable distribution of assets held by a court in a court sale)** | ৪২ |
| ১৪ | অধ্যায়-৭<br>নিলাম সম্পর্কিত সরকারি পাওনা আদায় আইনের কতিপয় ধারা | |
| ১৪.১ | ধারা ৭। সার্টিফিকেট দেনাদারের উপর নোটিশ এবং সার্টিফিকেটের অনুলিপি জারি (Service of notice and copy of certificate on certificate-debtor) | ৪২ |
| ১৪.২ | বিশ্লেষণ | ৪২ |
| ১৪.৩ | নোটিশের গুরুত্ব | ৪২ |
| ১৪.৪ | নোটিশের বিষয়বস্তু | ৪৩ |

| ক্র. | বিষয় | পৃষ্ঠা |
|---|---|---|
| ১৪.৫ | নোটিশ জারীর পদ্ধতি: | ৪৩ |
| ১৪.৬ | ৭ ধারার নোটিশ জারী: | ৪৩ |
| ১৪.৭ | নোটিশ ছাড়া গ্রেফতারী পরোয়ানা জারী: | ৪৪ |
| ১৪.৮ | পিডিআর এ্যাক্টের সহিত ধারা ১৬ স্থাবর সম্পত্তির অধিগ্রহণ ও হুকুম দখল অধ্যাদেশ ১৯৮২: | ৪৪ |
| ১৫ | **সরকারী পাওনা আদায় আইনের ২২ ধারা** | |
| ১৫.১ | ধারা ২২। নিলাম অর্থ জমা দিয়া নিলাম রদের আবেদন (Application to set aside sale of immovable property on deposit) | ৪৪ |
| ১৫.২ | বিশ্লেষণ | ৪৬ |
| ১৫.৩ | আদেশের বিরুদ্ধে আপিল: | ৪৭ |
| ১৬ | **সরকারী পাওনা আদায় আইনের ২৩ ধারা** | |
| ১৬.১ | ধারা ২৩। নোটিশ না জারির কারণে কিংবা অনিয়মের কারণে স্থাবর সম্পত্তির নিলাম রদের আবেদন (Application to set aside sale of immovable property on ground of non-service of notice or irregularity) | ৪৭ |
| ১৬.২ | বিশ্লেষণ | ৪৮ |
| ১৬.৩ | নিলাম রদের দরখাস্তের সময়সীমা: | ৪৮ |
| ১৬.৪ | নিলাম রদের পর টাকা ফেরত: | ৪৯ |
| ১৭ | **সরকারী পাওনা আদায় আইনের ২৪ ধারা** | |
| ১৭.১ | ধারা ২৪। বিক্রীত সম্পত্তির কোনো স্বত্ব ছিল না বা উহাতে দেনাদারের কোনো বিক্রয়যোগ্য স্বার্থ ছিল না এই অজুহাতে ক্রেতা কর্তৃক নিলাম রদের আবেদন (Application to set aside sale on ground that certificate-debtor had no saleable interest or that property did not exist) | ৪৯ |

| ক্র. | বিষয় | পৃষ্ঠা |
|---|---|---|
| ১৮ | **সরকারী পাওনা আদায় আইনের ২৫ ধারা** | |
| ১৮.১ | ধারা ২৫। নিলাম কখন চূড়ান্ত বা রদ হইবে (Sale when to become absolute or be set aside) | ৫০ |
| ১৮.২ | বিশ্লেষণ | ৫০ |
| ১৮.৩ | নিলাম কখন চূড়ান্ত হইবে | ৫০ |
| ১৯ | **সরকারী পাওনা আদায় আইনের ৫১ ধারা** | ৫১ |
| ১৯.১ | **ধারা ৫১। আপিল (Appeal)** | ৫১ |
| ১৯.২ | বিশ্লেষণ | ৫৩ |
| ১৯.৩ | ধারাটির প্রতিপাদ্য বিষয় | ৫৩ |
| ১৯.৪ | সার্টিফিকেট অফিসারের আদেশের বিরুদ্ধে আপিল | ৫৩ |
| ১৯.৫ | আপিল আদালতের ক্ষমতা | ৫৩ |
| ১৯.৬ | **দেওয়ানি কার্যবিধি আইনের ধারা ১০৭** | ৫৪ |
| ১৯.৭ | আপিল সম্পর্কে সাধারণ বিধানাবলী (General Provisions relating to Appeals) | ৫৪ |
| ১৯.৮ | ধারা ১০৭। আপিল আদালতের ক্ষমতা (Powers of Appellate Court) | ৫৪ |
| ১৯.৯ | বিশ্লেষণ | ৫৫ |
| ১৯.১০ | উচ্চতর আদালতের সিদ্ধান্তসমূহ | ৫৫ |
| ২০ | **রিভিশনের অধিকার (যদি আপিল করা না হয়)** {১৯১৩ সালের সরকারী পাওনা আদায় আইনের ৫৩ ধারা} | |
| ২০.১ | ধারা ৫৩। রিভিশন (Revision) | ৬৭ |
| ২০.২ | বিশ্লেষণ | ৬৮ |
| ২০.৩ | ধারাটির প্রতিপাদ্য বিষয় | ৬৮ |
| ২০.৪ | সহায়ক আইনঃ | ৬৮ |
| ২০.৫ | ধারা ১১৫। রিভিশন (পুনরীক্ষণ) (Revision) | ৬৮ |

| ক্র. | বিষয় | পৃষ্ঠা |
|---|---|---|
| ২০.৬ | উচ্চতর আদালতের সিদ্ধান্তসমূহ | ৭০ |
| ২১ | রিভিউ এর অধিকার (যদি আপিল বা রিভিশন করা না হয়)<br>(১৯১৩ সালের সরকারী পাওনা আদায় আইনের ৫৪ ধারা) | ১০৪ |
| ২১.১ | ধারা ৫৪। পুনঃবিবেচনা (Review) | ১০৪ |
| ২১.২ | সহায়ক আইন | ১০৪ |
| ২১.৩ | দেওয়ানি কার্যবিধি আইনের ধারা ১১৪ | ১০৪ |
| ২১.৪ | ধারা ১১৪। রিভিউ (পুনর্বিচার) (Review) | ১০৪ |
| ২১.৫ | উচ্চতর আদালতের সিদ্ধান্তসমূহ | ১০৫ |
| ২২ | অধ্যায়-৮<br>নিলাম সম্পর্কিত অর্থঋণ আদালত আইনের ৩৩ ধারা | |
| ২২.১ | ৬ষ্ঠ পরিচ্ছেদ =জারী | ১১২ |
| ২২.২ | ৩৩। নিলাম বিক্রয় (Sale by auction) | ১১২ |
| ২৩ | অধ্যায়-৯<br>অর্থঋণ আদালত আইন এর ধারা ৩৩ এর বিষয়ে কিছু আলোচনা | ১২২ |
| ২৩.১ | দরপত্র দাখিল ও গ্রহণের নিলাম বিজ্ঞপ্তি | ১২২ |
| ২৩.২ | নিলাম বিজ্ঞপ্তি প্রচার | ১২২ |
| ২৩.৩ | নিলাম বিজ্ঞপ্তির নমুনা | ১২৩ |
| ২৩.৪ | দরপত্র দাখিলের ও গ্রহণের পদ্ধতি | ১২৩ |
| ২৩.৫ | দরপ্রস্তাব বাতিল | ১২৭ |
| ২৩.৬ | বাজেয়াপ্তকৃত জামানতের অর্থ ও ২য় সর্বোচ্চ দরদাতার ব্যবস্থা | ১২৮ |
| ২৩.৭ | ২য় বার নিলাম প্রচেষ্টা | ১২৮ |
| ২৩.৮ | ডিক্রিদারের পছন্দসই পত্রিকায় বিজ্ঞাপন | ১২৯ |
| ২৩.৯ | নিলাম প্রস্তাবিত সম্পত্তি ডিক্রিদারের দখলভোগে ন্যস্তকরণ: | ১২৯ |
| ২৩.১০ | দুই বার নিলাম প্রচেষ্টা ব্যর্থ হইলে ন্যস্তকরণ বাধ্যতামূলক | ১২৯ |
| ২৩.১১ | উচ্চতর আদালতের সিদ্ধান্ত | ১৩০ |

| ক্র. | বিষয় | পৃষ্ঠা |
|---|---|---|
| ২৪ | অধ্যায়-১০=তামাদির সময়সীমা | ১৫৮ |
| ২৪.১ | উচ্চতর আদালতের সিদ্ধান্ত | ১৫৮ |
| ২৫ | অধ্যায়-১১<br>নিলাম সম্পর্কিত সমবায় সমিতি আইনের ৭৬ ধারা | |
| ২৫.১ | ৭৬। নিলাম ক্রয়ে সমবায় ভূমি উন্নয়ন ব্যাংক, কেন্দ্রীয় ও জাতীয় সমিতির কর্মকর্তাগণের অংশগ্রহণ নিষিদ্ধ | ১৬০ |
| ২৫.২ | আদালত প্রদত্ত সার্টিফিকেট বলে নিলামে বিক্রিত সম্পত্তি নিলাম মূল্যে দলিল রেজিস্ট্রেশন প্রসঙ্গে মতামত প্রদান সংক্রান্ত। | ১৬১ |
| ২৬ | অধ্যায়-১২<br>নিলাম সম্পর্কিত পণ্য বিক্রয় (The Sale of Goods Act, 1930) আইনের ৬৪ ধারা | |
| ২৬.১ | 64. Auction sale (নিলাম বিক্রয়) | ১৬২ |
| ২৭ | অধ্যায়-১৩<br>নিলাম সংক্রান্ত গুরুত্বপূর্ণ উচ্চতর আদালতের সিদ্ধান্ত | ১৬৪ |
| ২৭.১ | নিলাম সংক্রান্ত অধিকার সম্পত্তি নিলাম হওয়ার পূর্বে নোটিশ পাবার অধিকার। | ১৬৮ |
| ২৮ | অধ্যায়-১৪<br>খালাসকৃত বা চোরাচালানের অভিযোগে আটক ও বাজেয়াপ্তকৃত পণ্যের নিষ্পত্তি পদ্ধতি (২০ জুন ২০১৯) | |
| ২৮.১ | সংজ্ঞা | ১৭৩ |
| ২৮.২ | আটককৃত বা নিষ্পত্তিযোগ্য পণ্য গ্রহণ পদ্ধতি | ১৭৫ |
| ২৮.৩ | আটককৃত বা নিষ্পত্তিযোগ্য পণ্য সংরক্ষণ পদ্ধতি | ১৭৫ |
| ২৮.৪ | আমদানিকারক বা রপ্তানিকারক বা দাবীদারকে নোটিশ প্রদান | ১৭৬ |
| ২৮.৫ | নিলাম কমিটি | ১৭৬ |
| ২৮.৬ | নিষ্পত্তিযোগ্য পণ্য নিষ্পত্তি পদ্ধতি | ১৭৭ |
| ২৮.৭ | নিলামের মাধ্যমে নিষ্পত্তি | ১৭৭ |
| ২৮.৮ | (ক) নিলামের যোগ্যতা | ১৭৭ |
| ২৮.৯ | (খ) নিলাম পদ্ধতি | ১৭৭ |

| ক্র. | বিষয় | পৃষ্ঠা |
|---|---|---|
| ২৮.১০ | (অ) পচনশীল পণ্যের ক্ষেত্রে | ১৭৭ |
| ২৮.১১ | (আ) অপচনশীল পণ্যের ক্ষেত্রে | ১৭৮ |
| ২৮.১২ | (i) নিলামযোগ্য পণ্যের তালিকা ও লট প্রস্তুতকরণ | ১৭৮ |
| ২৮.১৩ | (ii) লটভুক্ত পণ্যের কায়িক পরীক্ষণ বা ইনভেন্ট্রি | ১৭৯ |
| ২৮.১৪ | (iii) ক্যাটালগ তৈরি | ১৮০ |
| ২৮.১৫ | (iv) দরদাতার যোগ্যতা | ১৮০ |
| ২৮.১৬ | (v) সংরক্ষিত মূল্য নির্ধারণ | ১৮১ |
| ২৮.১৭ | (vi) নিলাম অনুষ্ঠানের প্রচার | ১৮১ |
| ২৮.১৮ | (vii) নিলামযোগ্য পণ্যের জামানতের পরিমাণ | ১৮২ |
| ২৮.১৯ | (viii) নিলামযোগ্য পণ্য পরিদর্শনের ব্যবস্থা | ১৮২ |
| ২৮.২০ | (ix) নিলাম অনুষ্ঠান | ১৮২ |
| ২৮.২১ | (x) নিলাম কমিটির সুপারিশ | ১৮৩ |
| ২৮.২২ | (xi) বিক্রয় অনুমোদন | ১৮৪ |
| ২৮.২৩ | (xii) অনুমোদিত লট অবহিতকরণ | ১৮৪ |
| ২৮.২৪ | (xiii) নিলাম স্থগিতকরণ | ১৮৪ |
| ২৮.২৫ | (xiv) অনুমোদিত লটের পণ্য হস্তান্তর | ১৮৫ |
| ২৮.২৬ | (xv) চার্জ পরিশোধ | ১৮৫ |
| ২৮.২৭ | (xvi) নিলাম কার্যক্রম বিঘ্নিত করার শাস্তি | ১৮৬ |
| ২৮.২৮ | (২) নিলাম ব্যতীত অন্য উপায়ে নিষ্পত্তি | ১৮৬ |
| ২৮.২৯ | (৩) ধ্বংসের মাধ্যমে নিষ্পত্তি | ১৮৭ |
| ২৮.৩০ | (ক) ধ্বংসযোগ্য পণ্য | ১৮৭ |
| ২৮.৩১ | (খ) ধ্বংস কমিটি | ১৮৮ |
| ২৮.৩২ | (গ) ধ্বংস পদ্ধতি | ১৮৯ |
| ২৯ | আমদানি নিষিদ্ধ ও শর্তসাপেক্ষে আমদানিযোগ্য এবং আমদানিযোগ্য অখালাসকৃত আটক ও বাজেয়াপ্ত পণ্যের নিলাম/নিষ্পত্তি প্রসঙ্গে। (তারিখঃ ২৮/০৩/২০০১ইং) | ১৯১ |
| ৩০ | বিষয়ঃ পুরাতন মালামাল/গাছ নিলামে বিক্রয় প্রসঙ্গে (তারিখঃ ০১/০৪/২০১৮) | ১৯৪ |
| ৩১ | পত্রিকার সংবাদ | ১৯৬ |

অধ্যায়-১

# নিলাম
# Auction

## নিলাম বলিতে কি বুঝায়?

[1][**auction** n. নিলাম বি. এক বিশেষ ধরণের প্রকাশ্য প্রতিযোগিতামূলক বিক্রয়-পদ্ধতি। ইহাতে কোনো পণ্যক্রয়ার্থে প্রতিযোগিতামূলক মূল্য প্রস্তাব করিবার জন্য লোকজনকে আহ্বান করা হয়। বিক্রেতার প্রতিনিধিরূপে নিলামকারী ব্যক্তি তাহার টেবিলে হাতুড়ির আঘাত করিয়া সর্বোচ্চ দরদাতার অনুকূলে দ্রব্য বিক্রয়ের ঘোষণা দিয়া নিলামের সমাপ্তি ঘোষণা করেন (অবশ্য প্রথাসিদ্ধ যে-কোনো পদ্ধতিতে তিনি নিলামকর্ম প্রয়োগ করিতে পারেন)। চূড়ান্ত ঘোষণার আগে নিলামে অংশগ্রহণকারী যে-কোনো ব্যক্তি তাঁহার দর প্রত্যাহার করিতে পারেন এবং নিলামকারী ব্যক্তিও বিক্রয়ের জন্য আনীত পণ্য নিলাম হইতে প্রত্যাহার করিয়া লইতে পারেন। বিক্রয় বিক্রেতার নিলাম ডাকার অধিকারসাপেক্ষ বলিয়া ঘোষিত না হইলে বিক্রেতা নিলাম ডাকিতে পারেন না। শুধু নিলাম বিজ্ঞাপন-দান নিলাম দানকারীকে পণ্যবিক্রয়ে বাধ্য করে না। তবে তিনি যদি শর্তহীনভাবে নিলামের বিজ্ঞাপন দেন এবং নিলামের ডাক গ্রহণ করেন, তাহা হইলে তিনি নিলামে সর্বোচ্চ দরদাতার নিকট পণ্যবিক্রয়ে বাধ্য থাকিবেন। একজন নিলামকারী যখন তাঁহার নিয়োগীত্ব ঘোষণা করেন, তখন তিনি ঐ পণ্যবিক্রয়ে তাঁহার অধিকার জ্ঞাপন করেন এবং তাঁহার জানামতে উক্ত পণ্যে বিক্রেতার স্বত্বে কোনো ত্রুটি নাই বলিয়া জানান, কিন্তু ক্রেতা যে একটি

[1] আইন-শব্দকোষ, (English-Bengali Law Lexicon) আইন কমিশন দ্বিতীয় সংস্করণ মার্চ ২০২০ পৃষ্ঠা ১১৬ দ্র.।

বিশেষ পণ্যের উত্তম স্বত্বলাভ করিবেন, এমন প্রতিশ্রুতি দান করেন না। *The Code of Civil Procedure, 1908* এর ২১ আদেশের ৬৫ নিয়ম অনুসারে ডিক্রিজারিতে ক্রোকি সম্পত্তি প্রকাশ্য নিলামের বিধান করা হইয়াছে। এতৎসহ অর্থঋণ আদালত আইন, ২০০৩ এর ৩৩ ধারা দ্র.।

**auction of immovable property স্থাবর সম্পত্তির নিলাম** স্বল্প এখতিয়ার আদালত ব্যতীত যে-কোনো দেওয়ানি আদালত ডিক্রি জারির জন্য স্থাবর সম্পত্তি নিলামবিক্রয়ের আদেশ দিতে পারেন।

**auction of movable property অস্থাবর সম্পত্তির নিলাম** যে-সম্পত্তি নিলামে বিক্রয় হইবে, তাহা যদি কৃষিজাত দ্রব্য হয়, তবে নিম্নলিখিত স্থানে নিলাম অনুষ্ঠিত হইবেঃ কৃষিজাত দ্রব্য যদি ক্ষেতে থাকে, তবে সেই ক্ষেতের উপর বা উহার সন্নিকটে, অথবা কৃষিজাত দ্রব্য যদি ক্ষেত হইতে কর্তিত বা সংগৃহীত হইয়া থাকে, তবে উহা যেখানে মাড়াই হইবে সেখানে অথবা যেখানে উহা গোলাজাত করা হইবে, সেখানে। কিন্তু আদালত যদি মনে করেন যে, জনসাধারণের গম্য নিকটবর্তী কোনো স্থানে নিলাম অনুষ্ঠিত হইলে উক্ত দ্রব্যটি অধিকতর সুবিধাজনক শর্তে বিক্রয় হইবে তবে আদালত অনুরূপ স্থানে নিলাম অনুষ্ঠানের নির্দেশ দিতে পারিবেন। *The Code of Civil Procedure, 1908* এর ২১ আদেশের ৭৪ নিয়ম দ্র.। অস্থাবর সম্পত্তি কৃষিজাত দ্রব্য না হইলে তাহা প্রকাশ্য নিলামে না অন্যভাবে বিক্রয় হইবে, সে সম্পর্কে উক্ত আইনের ২১ আদেশের ৭৬-৮১ নিয়মে বর্ণিত হইয়াছে।

**auction purchaser নিলাম খরিদ্দার** যিনি কোনো নিলামে খরিদ্দার বলিয়া ঘোষিত হন। *The Code of Civil Procedure, 1908* এর ২১ আদেশের ৭৩ নিয়মে কোনো নিলামকারী কর্মকর্তা উক্ত নিলামের ক্ষেত্রে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে নিলাম খরিদ্দার হইতে পারেন না। *The Sale of Goods Act, 1930* এর ৬৪(৪) ধারা অনুসারে পূর্ব হইতেই ঘোষণা না করিলে নিলামকারী ব্যক্তি প্রত্যক্ষ বা পরোক্ষভাবে নিলাম খরিদ্দার হইতে পারেন না। *The Code of Civil Procedure, 1908* এর ৬৫ ধারা

# নিলাম সম্পর্কিত দেওয়ানি কার্যবিধির কতিপয় ধারা এবং আদেশসমূহ

## দেওয়ানি কার্যবিধির আদেশ ২১ এবং রুল ৬৫

**বিধি ৬৫। কে নিলাম পরিচালনা করিবেন এবং কিভাবে নিলাম হইবে**—অন্যরূপ বিধান ব্যতীত ডিক্রী জারির দরুন প্রত্যেক নিলাম বিক্রয় আদালতের কোন কর্মচারী কর্তৃক বা এতদুদ্দেশ্যে আদালতের নিযুক্ত ব্যক্তি কর্তৃক পরিচালিত হইতে এবং নির্ধারিত পদ্ধতি অনুসারে প্রকাশ্য নিলাম অনুষ্ঠান দ্বারা উহা সম্পন্ন করিতে হইবে।

**R. 65. Sales by whom conducted and how made**—Save as otherwise prescribed, every sale in execution of a decree shall be conducted by an officer of the Court or by such other person as the Court may appoint in this behalf, and shall be made by public auction in manner prescribed.

## দেওয়ানি কার্যবিধির আদেশ ২১ এবং রুল ৭৪

*অস্থাবর সম্পত্তি নিলাম বিক্রয়*

**বিধি ৭৪। কৃষিজাত দ্রব্যের নিলাম বিক্রয়**—(১) যে সম্পত্তি নিলামে বিক্রয় হইবে, তাহা যদি কৃষিজাত দ্রব্য হয়, তবে নিম্নলিখিত স্থানে নিলাম অনুষ্ঠিত হইবে—

(ক) কৃষিজাত দ্রব্য যদি ক্ষেতে থাকে, তবে সেই ক্ষেতের উপর বা উহার সন্নিকটে; অথবা

(খ) কৃষিজাত দ্রব্য যদি ক্ষেত হইতে কর্তিত বা সংগৃহীত হইয়া থাকে, তবে উহা যেখানে মাড়াই করা হইবে সেখানে অথবা সেখানে উহা গোলাজাত করা হইবে সেখানে;

কিন্তু আদালত যদি মনে করেন যে, নিকটবর্তী কোন জনসাধারণের গমনস্থানে নিলাম অনুষ্ঠিত হইলে উক্ত দ্রব্যাদি অধিকতর সুবিধাজনক শর্তে